# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩২৮

১১. কিতাবুয যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো দানের ক্ষেত্রে বাবা-মাকে অগ্রাধিকার দেওয়া তারপর পর্যায়ক্রমে নিকটবর্তী আত্নীয়কে প্রদান করা

ذِكْرُ الِاسْتِحْبَابِ لِلْمَرْءِ أَنْ يُؤْثَرَ بِصَدَقَتِهِ عَلَى أَبَوَيْهِ ثُمَّ عَلَى قَرَابَتِهِ ثُمَّ الْأَقْرَبِ فَالْأَقْرَبِ

আরবী

3328 - أَخْبَرَنَا زَيْدُ بْنُ عَبْدِ الْعَزِيزِ بْنِ حِبَّانَ أَبُو جَابِرٍ بِالْمَوْصِلِ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى بْنِ فَيَّاضٍ الزِّمَّانِيُّ قَالَ: حَدَّثَنَا الْأَنْصَارِيُّ عَنْ عَزْرَةَ بْنِ ثَابِتٍ قَالَ: حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ عَنْ جَابِرٍ: أَنَّ رَجُلًا مِنْ بَنِي عُذرة أَعْتَقَ مَمْلُوكًا لَهُ عَنْ دُبُرٍ مِنْهُ فَبَعَثَ إِلَيْهِ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَبَاعَهُ وَدَفَعَ إِلَيْهِ ثَمَنَهُ وَقَالَ: (ابْدَأْ بِنَفْسِكَ فتصدَّق عَلَيْهَا ثُمَّ عَلَى أَبَوَيْكَ ثُمَّ عَلَى قرابتك ثم هكذا ثم هكذا)

الراوي : جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3328 | خلاصة حكم المحدث: صحيح: م.

বাংলা

৩৩২৮. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “বানূ উযরাহ গোত্রের এক ব্যক্তি তার গোলামকে নিজের মৃত্যুর পর আজাদ ঘোষনা করেন। অতঃপর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সেই গোলামের কাছে লোক পাঠান। তারপর তিনি তাকে বিক্রি করে তার মুল্য তাকে (তার মালিককে) প্রদান করেন এবং বলেন, “তুমি নিজের থেকে শুরু করবে। নিজের উপর দান করবে। তারপর তোমার বাবা-মার জন্য দান করবে। তারপর তোমার নিকটাত্নীয়ের জন্য দান করবে। তারপর এভাবে, তারপর এভাবে (দান করবে)।”[1]

ফুটনোট

[1] ইমাম শাফেঈ: ২/৬৮; সহীহ মুসলিম: ৯৯৭; নাসাঈ: ৭/৩০৪; সুনান বাইহাকী: ১০/৩০৯; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১৬৬৬৪; আত তায়ালিসী: ১৭৪৮; মুসনাদ আহমাদ: ৩/৩৬৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৩২৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=92660

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন